২৪৩/G

OCT. 24 1999

দৈনিক ইনকিলাব

তারিখ ··· OCT. 24 1999 ···
পৃষ্ঠা ··· ১ ··· কলাম ··· ১

278



দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের ধর্ম বিজ্ঞান অনুষদের প্রাক্তন ও বর্তমান ছাত্রদের উদ্যোগে ডঃ সৈয়দ আলী আশরাফ স্মরণে প্রকাশিত স্মারক গ্রন্থ 'বরেণ্য' প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দেন জাতীয় অধ্যাপক ডঃ সৈয়দ আলী আহসান

# বাংলাদেশের শিক্ষা ব্যবস্থায় নৈতিক শিক্ষার স্থান বহু দূরে
## –সৈয়দ আলী আহসান

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশের শিক্ষা ক্ষেত্রে এখন যে অবস্থা তাতে নৈতিক শিক্ষার স্থান বহু দূরে। এক্ষেত্রে যে চিন্তা-চেতনা নিয়ে ডঃ সৈয়দ আলী আশরাফ দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের কাজ শুরু করেছিলেন তা পুরোপুরি বাস্তব রূপ লাভ করেনি। তাই শিক্ষা ক্ষেত্রে আলী আশরাফের চিন্তা-চেতনা এবং শিক্ষা দর্শনের প্রকৃত বাস্তবায়ন করতে হবে।

গতকাল শনিবার দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের ধর্মবিজ্ঞান অনুষদের প্রাক্তন ও বর্তান ছাত্রদের উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা মরহুম ডঃ সৈয়দ আলী আশরাফ স্মরণে প্রকাশিত স্মারক গ্রন্থ 'বরেণ্য' প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে উক্ত বিশ্ববিদ্যালয়ের বর্তমান ভাইস চ্যান্সেলর, সাহিত্যিক, কবি, সমালোচক ও জাতীয় অধ্যাপক ডঃ সৈয়দ আলী আহসান একথা বলেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক সৈয়দ আলী নকী।

অনুষদের ডীন শাইখ মুহাম্মদ আস-সাইয়েদ আস-সাফতীর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন ধর্মবিজ্ঞান অনুষদের সহকারী অধ্যাপক ও স্মারক গ্রন্থের উপদেষ্টা শাইখ হেলাল আহমদ কবির এবং অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সম্পাদকমণ্ডলীর সদস্য মুহাম্মদ ইসমাইল হোসেন, শাহ ওয়ালী উল্লাহ ফরহাদ ও মোঃ মহিউদ্দীন গাজী প্রমুখ। সমগ্র অনুষ্ঠানের উপস্থাপনায় ছিলেন সম্পাদকমণ্ডলীর সদস্য মুহাম্মদ সামসুদ্দোহা।